

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স- ১৪৯৯

আগরতলা, ৬ অক্টোবর, ২০২৪

মায়ের গমন ২০২৪

চূড়ান্ত প্রস্তুতি নেওয়া হচ্ছে

মায়ের গমন ২০২৪ আগামী ১৪ অক্টোবর বিকেল ৫টায় মহারাণী তুলসীবতী দ্বাদশ শ্রেণী বালিকা বিদ্যালয়ের সম্মুখ থেকে শুরু হবে। আগরতলায় বিজয়া দশমীর পূরাতন ঐতিহ্যকে বজায় রেখে এবছর মহারাণী তুলসীবতী দ্বাদশ শ্রেণী বালিকা বিদ্যালয়ের সম্মুখে মায়ের গমন অনুষ্ঠানের আয়োজন করা হবে। এ উপলক্ষে বর্ণাত্য সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন এবং মহারাণী তুলসীবতী দ্বাদশ শ্রেণী বালিকা বিদ্যালয়ের সম্মুখ এলাকা আলোকসজ্জায় সাজিয়ে তোলা হবে। এবিষয়ে চূড়ান্ত প্রস্তুতি নেওয়া হচ্ছে। অনুষ্ঠানকে সফল করে তুলতে গতকাল সচিবালয়ে তথ্য ও সংস্কৃতি দপ্তরের সচিব ড. পি কে চক্রবর্তীর সভাপতিত্বে এক সভা অনুষ্ঠিত হয়। সভায় অন্যান্য আধিকারিকগণও উপস্থিত ছিলেন। উল্লেখ্য, মায়ের গমন ও শারদ সম্মান ২০২৪ নিয়ে গত ৮ সেপ্টেম্বর মুখ্যমন্ত্রী প্রফেসর (ড.) মানিক সাহার সভাপতিত্বে মুক্তধারা অডিটোরিয়ামে প্রস্তুতি সভা এবং ২২ সেপ্টেম্বর মুক্তধারা অডিটোরিয়ামে আগরতলা পুরনিগমের মেয়র তথা বিধায়ক দীপক মজুমদারের উপস্থিতিতে এক পর্যালোচনা সভা অনুষ্ঠিত হয়েছে। মায়ের গমন-২০২৪কে কেন্দ্র করে ইতিমধ্যেই আগরতলা শহর ও তার পার্শ্ববর্তী ক্লাবগুলির মধ্যে উৎসাহ পরিলক্ষিত হচ্ছে। মায়ের গমন-২০২৪ অনুষ্ঠান সরাসরি সম্প্রচারের জন্যও দপ্তর থেকে উদ্যোগ নেওয়া হয়েছে।
